# পঞ্চম উপজেলা পরিষদের ৫৩ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ১২ অক্টোবর ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীথি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | স্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, গত কিছুদিন পূর্বে সড়ইঘাট এলাকা থেকে ৭,০০০/-(সাত হাজার) টাকার জাল নোটসহ একজন ব্যক্তিকে আটক করা হয়েছে এবং নদী পথে প্রতিদিন পুলিশ টহল অব্যাহত রয়েছে।<br>তিনি আরোও জানান যে, আসন্ন শারদীয় দূর্গাপুজা উপলক্ষ্যে অত্র উপজেলায় ৩১(একত্রিশ)টি পুজা মন্ডপে প্রতিদিন পরিদর্শন অব্যাহত রয়েছে বলে সভাকে অবহিত করেন। | আইন-শৃঙ্খলা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ কানাইঘাট থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের কাজ দ্রুত সম্পূর্ণ করা জন্য সভাকে অবহিত করেন। | উপজেলায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের কাজ দ্রুত সম্পূর্ণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, উপজেলা পর্যায়ে ৫০ তম জাতীয় গ্রীষ্মকালীন স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা কমিটির ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩,এইচএসসি ও সমমানের পরীক্ষা-২০২৩,ব্যানবেইস শিক্ষা জরিপ-২০২৩ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | নতুন কারিকুলাম বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ চলমান রয়েছে এবং প্রতিদিন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাসবভন (বারতা রেষ্টহাউজ) মেরামত করণ বাবদ ৬,০০,০০০/-(ছয় লক্ষ )টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রকল্প উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের প্রস্তাব করেন। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তার পাশে লোকজন রাস্তা কেটে সবজি চাষ করে থাকে। রাস্তা কেটে সবজি চাষ করার কারণে রাস্তা ভেঙ্গে যায়। রাস্তার পাশে রাস্তা কেটে সবজি চাষ বন্ধ করার জন্য সভায় অনুরোধ জানান।<br>চেয়ারম্যান,০৫ নং ইউ/পি জানান যে, অত্র উপজেলার অর্ন্তগত ০৫ নং বড়চতুল ইউনিয়ন পরিষদের কোন বাউন্ডারী না থাকার কারণে বিভিন্ন ধরণের সমস্যা হয়ে থাকে। জরুরী ভিত্তিতে বাউন্ডারী নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাসবভন (বারতা রেষ্টহাউজ) মেরামত করণ বাবদ ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকার প্রকল্প উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তার পাশে রাস্তা কেটে সবজি চাষ বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br>গ) ০৫ নং বড়চতুল ইউনিয়ন পরিষদের বাউন্ডারী নির্মাণ করার লক্ষ্যে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন রবি মৌসুমে রবি ফসল আবাদের বৃদ্ধির লক্ষ্যে সরকারী প্রনোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় ২৪৩৫ জন কৃষকের মাঝে ৮টি ফসলের জন্য বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। রবি মৌসুমের অন্যতম তেল ফসল সরিষা আবাদ বৃদ্ধির জন্য এডিপি হইতে সরিষা বীজ ক্রয়ের জন্য সভাকে অবহিত করেন। | রবি মৌসুমের অন্যতম তেল ফসল সরিষা আবাদ বৃদ্ধির জন্য সরিষা বীজ ক্রয়ের নিমিত্তে উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর কৃষি খাত হইতে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, প্রদান প্রজনন মৌসুমে ইলিশের নিরাপদ প্রজননের লক্ষ্যে ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ পর্যন্ত মোট ২২(বাইশ)দিন সারাদেশে ইলিশ আহরন,পরিবহন,মজুদ, বাজারজাতকরণ, ক্রয়- | প্রকৃত জেলে নিবন্ধনের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিক্রয় বিনিয়োগ সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এ আইন অমান্যকারীকে কমপক্ষে ১(এক) বছর থেকে সর্বোচ্চ ০২(দুই) বছরের সশ্রম কারাদন্ড অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করার বিধান রয়েছে।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন জেলে নিবন্ধন কার্যক্রম চলমান। মৎস্য অধিদপ্তর বাংলাদেশ কর্তক প্রকৃত জেলে প্রদানের জন্য উপজেলা মৎস্য দপ্তর, কানাইঘাট সিলেট- এ জেলেদের নিবন্ধন কাজ চলছে। এ বিষয়ে প্রকৃত জেলে চিহ্নিতকরণ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | | |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ হতে ০৯ অক্টোবর পর্যন্ত অত্র উপজেলায় প্রায় ১০,৯২৭ টি ছাগল, ভেড়া কে বিনামুল্যে পিপিআর টীকা প্রদান করা হয়েছে এবং বর্তমানে কৃমিনাশক ক্যাম্পেইন এর কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর( উন্নয়ন) সাধারণ ৫৫,৭০,৫৭৯.০১ টাকার ৫৫ (পঞ্চান্ন)টি প্রকল্প, টিআর(উন্নয়ন) সাধারণ পৌরসভা ৭,০৬,৬৫৬.১৩ টাকার ০৩(তিন)টি প্রকল্প,কাবিটা (উন্নয়ন) সাধারণ ৭৬,৩৬, ৩৬৮/-(ছিয়াত্তর লক্ষ ছয়ত্রিশ হাজার তিনশত আটষট্টি)টাকার ২৮(আটাশ)টি প্রকল্প কাবিখা (উন্নয়ন)সাধারণ চাল ৩৬.৮৪২ মে.টনের ১০(দশ)টি প্রকল্প এবং কাবিখা (উন্নয়ন) সাধারণ গম ৩৬.৮৪২ মে.টনের ১২(বার)টি প্রকল্প অনুমোদন পাওয়া গেছে মর্মে সভাকে অবহিত করেন। | ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর(উন্নয়ন) সাধারণ, টিআর (উন্নয়ন)সাধারণ পৌরসভা, কাবিটা(উন্নয়ন)সাধারণ,কাবিখা (উন্নয়ন)সাধারণ,কাবিখা(উন্নয়ন )সাধারণ প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় মহিলা বিষয়ক বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, আসন্ন শারদীয় দূর্গাপুজা উপলক্ষ্যে ৩১(একত্রিশ)টি পুজা মন্ডপে ১৫৬ জন আনসার ভিডিপি সদস্য/সদস্যা মোতায়েন করা হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান, আসন্ন শারদীয় দূর্গাপুজা উপলক্ষ্যে ৩১(একত্রিশ)টি পুজা মন্ডপে নিবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সচল রাখা হবে বলে সভাকে অবহিত করেন। | আসন্ন শারদীয় দূর্গাপুজা উপলক্ষ্যে ৩১(একত্রিশ)টি পুজা মন্ডপে নিবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সচল রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা তথ্য আপা প্রকল্পের আওতাধীন অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে অনুষ্ঠিত উঠান বৈঠক সুষ্ঠু ও সন্দরভাবে সম্পূর্ণ করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভাকে অনুরোধ জানান | উপজেলার বিভিন্ন ইউনিয়নে অনুষ্ঠিত উঠান বৈঠক সুষ্ঠু ও সন্দরভাবে সম্পূর্ণ করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | তথ্য আপা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, সমবায় বিভাগে প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা বিট কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুন:নির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের বরাদ্দ জেলা পর্যায়ে এসেছে আমরা আমাদের উপজেলার বরাদ্দ পাওয়া গেলে পরবর্তীতে ওয়াটসন কমিটির মাধ্যমে জানানো হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়কের প্রতিনিধি সভায় জানান,খাদ্যবান্ধব কর্মসূচীর সেপ্টেম্বর ও অক্টোবর-২০২৩ এর খাদ্যশস্য আগস্ট-২০২৩ মাসে অগ্রিম উত্তোলন করা হয়েছে এবং বন্টন করা হয়েছে।<br>বর্তমানে নভেম্বর-২০২৩ মাসের খাদ্যশস্য সদ্যই উত্তোলন ও বন্টন করা হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান,পল্লী সঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখায় ২৪৭ টি সমিতির প্রান্তিক জনগোষ্টির মধ্যে সঞ্চয় আদায়,ঋন বিতরণ,ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।<br>চেয়ারম্যান,০২ নং ইউ/পি সভায় জানান যে, প্রতি মাসেই নতুন শিশু জন্মের পর পরই অভিনন্দন বার্তা ও শিশু জন্মের পর মারা গেলে সাথে সাথেই শোক বার্তা পাঠানো হয়ে থাকে বলে সভাকে অবহিত করেন। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৪ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১০৫ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২১ টি এবং ৮৪ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, গ্রাম আদালত এর দায়েরকৃত মামরা দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য অধিকার আইন,২০০৯ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন | সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৬ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা (গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয় (ঙ) উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার)টাকা ব্যয়;(চ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিসের বাতরুমে ০১ টি গিজার স্থাপন ও ইলেকট্রিক ক্যাটলি ক্রয় বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

CamScanner

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.৩০৯(৩৫) তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০ / ১২ অক্টোবর ২০২৩

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা --------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান --------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব --------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব [illegible] | উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোছাম্মৎ [illegible] বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ [illegible] উদ্দিন | চেয়ারম্যান, ০১ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব [illegible] চৌধুরী | চেয়ারম্যান, ০৩ নং দিঘীরপাড় ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ আবু [illegible] | চেয়ারম্যান, ০৪ নং সাতবাক ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ [illegible] চৌধুরী | চেয়ারম্যান, ০৫ নং বড়চতুল ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ [illegible] উদ্দিন | চেয়ারম্যান, ০৬ নং কানাইঘাট সদর ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ [illegible] উদ্দিন | চেয়ারম্যান, ০৭ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব আবু বক্কর | চেয়ারম্যান, ০৮ নং ঝিংগাবাড়ী ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব [illegible] ইসলাম | চেয়ারম্যান, ০৯ নং রাজাগঞ্জ ইউপি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব [illegible] | উপজেলা যুব ও ক্রীড়া কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ [illegible] | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ [illegible] | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব ডাঃ [illegible] | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব [illegible] | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোঃ আবু [illegible] | উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব [illegible] | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব [illegible] | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব [illegible] ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ [illegible] | প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব [illegible] | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব [illegible] | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব [illegible] বেগম | প্রতিনিধি, উপজেলা বন বিভাগ, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব [illegible] | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ [illegible] | উপজেলা সমবায় কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মোঃ [illegible] ইসলাম | উপজেলা [illegible], পল্লী বিদ্যুৎ সমিতি-২, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মোঃ [illegible] | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব [illegible] | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব [illegible] | [illegible] উপজেলা পরিবার [illegible], কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - ২

| ক্রমিক | পদবী ও ঠিকানা |
|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০২ | চেয়ারম্যান, ০২ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউপি, কানাইঘাট, সিলেট |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ০৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ০৫ | উপজেলা বিআরডিবি কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ০৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |

CamScanner